উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১৮০৫ | তারিখ : ২২ ডিসেম্বর ২০১৬।

বিষয় : উপজেলা পর্যায়ে "উন্নয়ন মেলা" আয়োজন ও সফল বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ে জনগণের সামনে তুলে ধরার উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে "উন্নয়ন মেলা" আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ০৪ আগস্ট ২০১৬ তারিখে এ সংক্রান্ত একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়, যার কপি অনেক আগেই প্রেরণ করা হয়েছে। গত ০৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ১৪০৮ নম্বর স্মারকে স্থানীয় সরকার বিভাগ হতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যবর্তন দিবসকে সামনে রেখে আগামী ০৯-১১ জানুয়ারি ২০১৭ তিনদিন ব্যাপি "উন্নয়ন মেলা" আয়োজনের জন্য সকল উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়েছে। উক্ত মেলার ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনও প্রদান করা হয়েছে।

২। আগামী ০৯-১১ জানুয়ারি ২০১৭ এ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য "উন্নয়ন মেলায়" প্রতিটি উপজেলা পরিষদকে বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রম ও এর সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব এলাকায় গৃহীত/বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম প্রচার/প্রদর্শন/উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি যত্নবান হতে হবে:

(ক) নিম্নবর্ণিত তিনটি শ্লোগান মেলার প্রতিটি স্টলের সম্মুখভাগে প্রকাশ্য প্রদর্শনের জন্য পোস্টার/ব্যানার/ফেস্টুনের মাধ্যমে স্থাপন করা:

(১) "উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

(২) "শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

(৩) "শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন"

(খ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি দ্বারা গৃহীত ও বাস্তবায়িত সকল উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য অত্যন্ত সহজবোধ্যভাবে মেলায় উপস্থাপন ও প্রদর্শন করতে হবে। তথ্য উপস্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত ছক ব্যবহার করা যেতে পারেঃ

ক্রঃ নং	বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	বরাদ্দ প্রাপ্তির বছর	বরাদ্দের পরিমাণ	বরাদ্দের ধরন

(গ) উক্ত মেলায় উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি দপ্তরের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং প্রতিটি দপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পের তথ্যাদি প্রদর্শন করতে হবে;

(ঘ) স্থানীয় সরকার ব্যবস্থাকে অধিকতর কার্যকর ও শক্তিশালীকরণের লক্ষ্যে উপজেলা পরিষদে নারীর ক্ষমতায়নে বর্তমান সরকারের গৃহীত উদ্যোগ ও সাফল্য মেলায় তুলে ধরতে হবে (যেমন: ১. উপজেলা পরিষদে মহিলা ভাইস চেয়ারম্যান এর পদ সৃষ্টি, ২. সংরক্ষিত আসনের মহিলা সদস্য নির্বাচন, ৩. নারী উন্নয়ন ফোরাম গঠন ও কার্যকরকরণ, ৪. উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% পর্যন্ত "নারী উন্নয়ন ফোরাম" এর জন্য বরাদ্দ প্রদান এবং পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়ন ইত্যাদি);

H:\Mis Not-Cabinat report\Upazila-1 Section Taking point.doc

(ঙ) স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির জন্য পরিষদের জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার চালু করা ইত্যাদি বিষয়ে মেলায় জনগণকে অবহিত করতে হবে;

(চ) উপজেলা পরিষদের আওতাভুক্ত সকল ইউনিয়ন পরিষদকে মেলায় অংশগ্রহণ করতে হবে এবং পৃথক পৃথক স্টলের মাধ্যমে উপরে বর্ণিত তিনটি শ্লোগানের ব্যানার/ফেস্টুন প্রদর্শনসহ বর্তমান সরকারের সময়ে ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম প্রদর্শন করতে হবে। এরমধ্যে নিম্নের বিষয়গুলো বিশেষ গুরুত্বের সাথে প্রদর্শন করা যেতে পারে-

১) জন্মনিবন্ধন কার্যক্রমের ডিজিটালাইজেশন এবং এ কার্যক্রমের সাফল্য;
২) ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু এবং এর কার্যক্রমের সফলতা;
৩) Activating Village Court শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থানীয়ভাবে বিরোধ নিস্পত্তির উদ্যোগ গ্রহণ;
৪) উন্মুক্ত বাজেট পদ্ধতির মাধ্যমে উন্নয়ন কার্যক্রমে স্থানীয় জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণ নিশ্চিতকরণ;
৫) ইউপিজিপি, এলজিএসপি প্রভৃতি প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি ও জবাবদিহিতা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ।

(ছ) উন্নয়ন মেলায় উপজেলায় অবস্থিত পৌরসভাসমূহের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;

(জ) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও নারী উন্নয়ন ফোরামের সদস্যদের জন্য মেলায় স্বতন্ত্র স্টলের ব্যবস্থা করতঃ তাদের দ্বারা বাস্তবায়িত কার্যক্রম প্রচার করতে হবে।

(ঝ) উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা আয়োজনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ০৪ আগস্ট ২০১৬ তারিখের ৪০০ নং স্মারকের ৯(৩)(গ) এর নির্দেশনার আলোকে একটি কমিটি গঠন করতে হবে।

৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত কার্যক্রমের সাফল্য যথাযথভাবে তুলে ধরে স্থানীয় জনগণকে সরকারের উন্নয়ন কাজের ধারায় সম্পৃক্ত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাসহ উপরোল্লিখিত বিষয়সমূহ সবিশেষ গুরুত্ব দিয়ে সফলভাবে উপজেলা পর্যায়ের উন্নয়ন মেলার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

22/12/16

(সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোন : ৯৫৭৫৫৫৭

১। চেয়ারম্যান
................উপজেলা পরিষদ......................জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার
.......................উপজেলা,.......................জেলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল), ...বিভাগ।
৩। জেলা প্রশাসক (সকল), ...জেলা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।